# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- দ্বিতীয়

## বিষয়-গণিত

একক–মুদ্রা (পরিণত করা)

১।ক)মুদ্রার সাহায্যে আমরা কী করি?

উ:–মুদ্রার সাহায্যে আমরা জিনিসপত্র কেনাবেচা করি ।

খ)আমাদের দেশের মুদ্রার নাম কী?

উ:-আমাদের দেশের মুদ্রার নাম টাকা ও পয়সা ।

গ)একটি বিদেশী মুদ্রার নাম লেখো।এটি কোন দেশের মুদ্রা?

উ:-ডলার।এটি আমেরিকার মুদ্রা ।

ঘ)ইংল্যান্ডে কোনো জিনিস টাকা দিয়ে কি কিনতে পারবে?কেন?

উ:-না,কারণ ইংল্যান্ডের মুদ্রা পাউন্ড/শিলিং ।

[প্রতিটি দেশের নিজস্ব মুদ্রা আছে]

ঙ)দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা লেখো । সংখ্যাটির সাথে মুদ্রার একক যুক্ত করো। সংখ্যাটি কীসে পরিণত হল?

উ:-৯৯। ৯৯ টাকা ।সংখ্যাটি রাশিতে পরিণত হল।

চ)৫ টাকা,৫ পয়সা -এগুলি কী সমজাতীয় রাশি?কেন?

উ:-৫ টাকা,৫ পয়সা-সমজাতীয় রাশি,কারণ এই দুটিই মুদ্রার এককযুক্ত রাশি।

ছ)৫ টাকা,৫ ঘন্টা,৫ পয়সা-এদের মধ্যে কোনটি অসমজাতীয় রাশি?কেন?

উ:-৫ ঘন্টা অসমজাতীয় রাশি,কারণ এই রাশিটিতে সময় পরিমাপের একক যুক্ত আছে,বাকি রাশি দুটিতে মুদ্রার এককযুক্ত ।

জ)বড়ো একক থেকে ছোটো এককে পরিণত করতে কী করি?

উ:-গুণ করি।

ঝ)ছোটো একক থেকে বড়ো এককে পরিণত করতে কী করি?

উ:–ভাগ করি।

ঞ)টাকাকে পয়সায় এবং পয়সাকে টাকায় পরিণত করতে কী করবে?

উ:-টাকাকে পয়সায় পরিণত করতে ১০০ দিয়ে গুণ করব।কারণ
১ টাকা=১০০ পয়সা।

পয়সাকে টাকায় পরিণত করতে ১০০ দিয়ে ভাগ করব।কারণ
১০০ পয়সা=১ টাকা।

ট)নোট কী?

উ:-কাগজের তৈরি টাকা।যেমন- ১০ টাকার নোট।

ঠ)কয়েন কী?

উ:-ধাতুর তৈরি টাকা।যেমন-১০ টাকার কয়েন।

ঙ)সিকি ও আধুলি কী?

উ:-সিকি=২৫ পয়সা,

আধুলি=৫০ পয়সা।

ঢ)পয়সা কত অঙ্কে লিখতে হয়?

উ:-পয়সা সর্বদা দুই অঙ্কে লিখতে হয়।পয়সা এক অঙ্কের হলে আগে বা বাঁদিকে ০ বসিয়ে নিতে হয়।

যেমন-১ পয়সা=০১ পয়সা।

১৫ পয়সা=১৫ পয়সা।

ণ)মিশ্ররাশি কাকে বলে?

উ:-যখন দুই বা ততোধিক সমজাতীয় রাশি পাশাপাশি বসে একটি রাশি হিসাবে প্রকাশ পায়,তাকে মিশ্ররাশি বলে।যেমন-২০টাকা ৫০ পয়সা,১২ ঘন্টা ১৫ মিনিট।

২|পরিণত করো:-

ক)৫ টাকা=কত পয়সা?

উ:-৫ টাকা=(৫ টাকা×১০০)

=৫০০ পয়সা।

খ)৫ টাকা ২০ পয়সা=কত পয়সা?

৫ টাকা ২০ পয়সা

×১০০

--------------------

৫০০ পয়সা

+২০ পয়সা

--------------------

৫২০ পয়সা

উ:-৫ টাকা ২০ পয়সা=৫২০ পয়সা।

গ)২৫ টাকা ৫ পয়সা=কত পয়সা?

২৫ টাকা ৫ পয়সা

×১০০

--------------------

২৫০০ পয়সা

+০৫ পয়সা

---------------------

২৫০৫ পয়সা।

উ:-২৫ টাকা ৫ পয়সা=২৫০৫ পয়সা।

ঘ)৩৪৫৬ পয়সা=কত টাকা কত পয়সা?

৩৪টাঃ

________

১০০)৩৪৫৬পয়সা

-৩০০__

৪৫৬

-৪০০__

৫৬পঃ

উ:-৩৪৫৬পঃ=৩৪ টাঃ ৫৬ পঃ।

ঙ)৩৪৫৭৮পয়সা=কত টাকা কত পয়সা?

৩৪৫টাঃ

---------------

১০০)৩৪৫৭৮পঃ

-৩০০

-----------

৪৫৭

-৪০০

------------

৫৭৮

-৫০০

-----------

৭৮পঃ

উ:-৩৪৫৭৮পয়সা=৩৪৫টাঃ ৭৮ পঃ।

⁎⁎সংক্ষেপে নিয়ম:-

i)টাকা থেকে পয়সায় পরিণত করতে আমরা টাকার অঙ্কের ডানদিকে দুটি শূন্য বসিয়ে পয়সায় পরিণত করি।যেমন-৬ টাকা=৬০০ পয়সা ।

ii)টাকা-পয়সা থেকে পয়সায় পরিণত করতে প্রথমে দেখব পয়সা দুই অঙ্কের আছে কিনা,দুই অঙ্কের না হলে আগে বা বাঁদিকে ০ বসিয়ে দুই অঙ্কের করে নিয়ে উত্তরে প্রথমে টাকার অঙ্ক বসিয়ে তারপর পয়সার অঙ্ক বসাব।শেষে একক লিখব পয়সা।

যেমন-৬ টাকা ২০ পয়সা=৬২০ পয়সা।৬ টাকা ২ পয়সা=৬০২ পয়সা।

iii)পয়সা থেকে টাকা-পয়সায় পরিণত করতে পয়সার অঙ্কের ডানদিকে থেকে দুটি ঘর পয়সা হবে,বাকিটা টাকা হবে।উত্তরে প্রথমে টাকার অঙ্ক পরে পয়সার অঙ্ক বসাতে হবে।

যেমন-৪৫৬৭ পয়সা=৪৫ টাকা ৬৭ পয়সা,৪৫৩৬৭ পয়সা=৪৫৩ টাকা ৬৭ পয়সা।

৩|i)টাকা-পয়সার অঙ্কে দশমিক বিন্দু কোথায় বসে?

উ:-টাকার ও পয়সার অঙ্কের মাঝখানে।

(টাকার অঙ্কের পরে/ডানদিকে উপরে)

ii)দশমিক বিন্দু বসালে কী একক হয়?

উ:-টাকা।

iii)টাকা ও পয়সার অঙ্কে দশমিক বিন্দুর(.)কাজ কী?

উ:-টাকা-পয়সার অঙ্কে দশমিক বিন্দুর কাজ (টাকার অঙ্ক ও পয়সার অঙ্কের মাঝে বসে)টাকা ও পয়সাকে আলাদা করা।

যেমন-৫ টাকা ৫০ পয়সা কে দশমিকে লিখলে/টাকায় পরিণত করলে হয় ৫.৫০ টাকা।[**পয়সার অঙ্ক না থাকলে দুটি শূন্য বিন্দুর পরে বসিয়ে নেওয়া হয়।টাকার অঙ্ক না থাকলে দশমিক বিন্দুর আগে একটা শূন্য বসিয়ে নিতে হবে।]

৪|দশমিক লেখো/টাকায় পরিণত করো:-

i)৭ টাকা ৫০ পয়সা=(৭৫০ পয়সা)=৭.৫০ টাকা।

ii)৮ টাকা ৫ পয়সা=৮.০৫ টাকা(৫ পঃ=০৫ পঃ)

iii)২৫ টাকা ৬ পয়সা=২৫.০৬ টাকা।

iv)৭ পয়সা=০.০৭ টাকা।

v)৩২৮ পয়সা=৩.২৮ টাকা।

vi)৮৭৫০০ পয়সা=৮৭৫.০০ টাকা।

vii)৫০০০ টাকা=৫০০০.০০ টাকা।

viii)৫০০০ পয়সা=৫০.০০ টাকা।

ix)৩০২৫ পয়সা=৩০.২৫ টাকা।

x)৩০২৫ টাকা=৩০২৫.০০ টাকা।

** ১|নিজে করো:-পৃষ্ঠা ৬৯ ও ৭০ এর অঙ্কগুলি বাড়িতে অভ্যাস করবে।

২|ক)দশমিকে পরিণত করো/টাকায় পরিণত করো:-

i)১২টাঃ ৭৫পঃ

ii)২৩৪টাঃ ৮পঃ

iii)৮৭৯২৩পঃ

iv)৮পঃ

v)৭৫০টাঃ

vi)১৭পঃ

vii)৩২০০পঃ

viii)১৮৫টাঃ ৫পঃ

ix)৭৭টাঃ

x)৫১২টাঃ ২৫পঃ

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SPAI

SRAI